ওগো বধূ সুন্দরী,   তুমি মধুমঞ্জরী,
পুলকিত চম্পার   লহো অভিনন্দন—
পর্ণের পাত্রে   ফাল্গুনরাত্রে   মুকুলিত মল্লিকা-মাল্যের বন্ধন।
এনেছি বসন্তের   অঞ্জলি গন্ধের,
পলাশের কুঙ্কুম   চাঁদিনির চন্দন—
পারুলের হিল্লোল,   শিরীষের হিন্দোল,   মঞ্জুল বল্লীর বঙ্কিম কঙ্কণ—
উল্লাস-উতরোল বেণুবনকল্লোল,
কম্পিত কিশলয়ে   মলয়ের চুম্বন।
তব আঁখিপল্লবে   দিয়ো আঁকি বল্লভে
গগনের নবনীল   স্বপনের অঞ্জন ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Kaharwa, Raag: Kalingara
Visit www.geetabitan.com for notation and other detail